

আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১০০৮

২২/ পানি সিঞ্চন (كتاب المساقاة)

পরিচ্ছেদঃ ২২/৮. ঋণগ্রস্ত ব্যক্তির ঋণ লাঘব করা মুস্তাহাব।

استحباب الوضع من الدين

আরবী

حَدِيثُ كَعْبِ بْنِ مَالِكَ، أَنَّهُ تَقَاضَى ابْنَ أَبِي حَدْرَدِ دَيْنًا كَانَ لَهُ عَلَيْهِ فِي الْمَسْجِدِ، فَارْتَفَعَتْ أَصْنُوَاتُهُمَا حَتَّى سَمِعَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ فِي بَيْتِهِ، فَخَرَجَ إِلَيْهِمَا حَتَّى كَشَفَ سِجْفَ حُجْرَتِهِ، فَنَادَى يَا كَعْبَ قَالَ: لَبَّيْكَ يَا رَسُولَ اللَّهِ قَالَ: ضَعْ مِنْ دَيْنِكَ هَذَا وَأَوْمَأْ إِلَيْهِ، أَيِّ الشَّطَرِ، قَالَ: لَقَدْ فَعَلْتُ يَا رَسُولَ اللَّهِ قَالَ: قُمْ فَاقْضِيهِ

বাংলা

১০০৮. কাব (রাঃ) হতে বর্ণিত। তিনি মসজিদের ভিতরে ইবনু আবু হাদরাদ (রাঃ)-এর নিকট তাঁর পাওনা ঋণের তাগাদা করলেন। দু'জনের মধ্যে এ নিয়ে বেশ উচ্চস্বরে কথাবার্তা হলো। এমনকি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর ঘর হতেই তাদের কথার আওয়াজ শুনলেন এবং তিনি পর্দা সরিয়ে তাদের নিকট বেরিয়ে গেলেন। আর ডাক দিয়ে বললেনঃ হে কাব! কাব (রাঃ) উত্তর দিলেন, লাবাইক ইয়া রাসূলাল্লাহ। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমার পাওনা ঋণ হতে এতটুকু ছেড়ে দাও। আর হাতে ইঙ্গিত করে বোঝালেন, অর্থাৎ অর্ধেক পরিমাণ। তখন কাব (রাঃ) বললেনঃ আমি তাই করলাম ইয়া রাসূলাল্লাহ! তখন তিনি ইবনু আবু হাদরাদকে বললেনঃ উঠ, আর বাকীটা দিয়ে দাও।

ফুটনোট

সহীহ বুখারী, পর্ব ৮; সালাত, অধ্যায় ৭১, হাঃ ৪৫৭; মুসলিম, পর্ব ২২; পানি সিঞ্চন, অধ্যায় ৪, হাঃ ১৫৫৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ কাব ইবনু মালিক (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=84232>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন